সংবাদ

তারিখ ... 4 MAY 2012 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৬ ...

# বুয়েটের আন্দোলনরত শিক্ষকদের দাবি মেনে নিয়েছে কর্তৃপক্ষ

- ভূতাপেক্ষ নিয়োগ স্থগিত হচ্ছে
- অনিয়ম তদন্তে কমিটি হচ্ছে

নিজস্ব বার্তা পরিবেশক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) আন্দোলনরত শিক্ষকদের দাবি মেনে নিয়েছে কর্তৃপক্ষ। শিক্ষকদের মূল দাবি ডেপুটি রেজিস্ট্রার পদে কামাল আহমদের ভূতাপেক্ষ নিয়োগ স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে বুয়েট সিন্ডিকেট। পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগসংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখতে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। পুনর্গঠন করা হয়েছে নিয়োগ ও পদোন্নতিসংক্রান্ত কমিটিও। গতকাল

শিক্ষকদের : পৃষ্ঠা : ২ ক : ৬

## শিক্ষকদের : দাবি

(১৬ পৃষ্ঠার পর)

সন্ধ্যায় বুয়েটে অনুষ্ঠিত জরুরি সিন্ডিকেট সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়। সিন্ডিকেটের সভা শেষে বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. এসএম নজরুল ইসলাম গতকাল রাতে সংবাদকে বলেছেন, সিন্ডিকেটের সিদ্ধান্তগুলো ইতিবাচক। শিক্ষক সমিতির দাবির প্রতি ইতিবাচক সাড়া দিয়ে সিন্ডিকেট সভায় বেশকিছু প্রস্তাব অনুমোদন করে। শিক্ষার্থীদের স্বার্থে দ্রুত সিন্ডিকেট সভা ডেকে উপাচার্যের পদক্ষেপ নেয়ায় সন্তোষ প্রকাশ করেছে সাধারণ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা। তারা বলেছেন, বুয়েট দেশের শ্রেষ্ঠ বিদ্যাপীঠ। এ প্রতিষ্ঠানের শিক্ষকরা দেশের শ্রেষ্ঠ মেধাবী। আশা করি এখন শিক্ষকরা আন্দোলন ছেড়ে ক্লাসে ফিরে আসবেন। জানতে চাইলে বুয়েটের প্রো-ভিসি প্রফেসর ড. হাবিবুর রহমান সংবাদকে জানান, শিক্ষকদের দাবি অনুযায়ী বুয়েটের বিভিন্ন বিষয় খতিয়ে দেখতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. আবুল হাসেমকে প্রধান করে তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে থাকবে শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি এবং সদস্য সচিব হবেন বুয়েটের পরীক্ষা নিয়ন্ত্রক। সিন্ডিকেটের সিদ্ধান্তের বিষয়ে বুয়েট শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আশরাফুল ইসলাম সাংবাদিকদের বলেন, এখনো আমরা কিছু হাতে পাইনি।